

বিজ্ঞপ্তি নং - ফায়ার এ্যান্ড সেফটি/৯০/২০২৪

তারিখ :- ২১ এপ্রিল, ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : পোশাক শিল্প কারখানার বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি ।


প্রিয় সহকর্মী,

আপনারা অবগত আছেন যে গ্রীষ্ম মৌসুম শুরু হয়ে গিয়েছে এবং বেশ কিছু দিনব্যাপি সারা দেশ জুড়ে তীব্র তাপদাহ বয়ে চলেছে। এ সময় আবহাওয়ার উষ্ণতা বৃদ্ধি ও অন্যান্য কারণে কারখানায় বিস্ফোরণ ও অগ্নি দুর্ঘটনা বৃদ্ধি পায়। অধিকাংশ ক্ষেত্রেই বৈদ্যুতিক গোলযোগ থেকে এ দুর্ঘটনা বেশী ঘটতে পারে। বিশেষকরে বৈদ্যুতিক শর্ট সার্কিট গ্রীষ্ম মৌসুমে অগ্নি দুর্ঘটনার অন্যতম কারণ। কারখানার বৈদ্যুতিক সাবস্টেশন, জেনারেটর, মেইন সুইচ বোর্ড ও প্যানেল বোর্ড, ডিস্ট্রিবিউশন বোর্ড, বিভিন্ন বৈদ্যুতিক মেশিনারিজ এবং যন্ত্রাংশ অতিরিক্তি উত্তপ্ত হয়ে যে কোন সময়ে বড় ধরনের বিস্ফোরণ বা অগ্নি দুর্ঘটনা ঘটতে পারে। অনেক সময় ডায়িং মেশিন, বয়লার ইত্যাদি থেকে উৎপাদিত অতিরিক্ত উত্তাপ থেকেও এ ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। পাশাপাশি ঝড় ও বৃষ্টির মৌসুমে বৈদ্যুতিক তারের সংযোগস্থল লুজ হলে সেখানে পানি লেগে স্পার্ক করে আগুন লেগে যেতে পারে। কারখানায় বৈদ্যুতিক দুর্ঘটনার বিষয়ে পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হলে বৈদ্যুতিক বিস্ফোরণ ও অগ্নি দুর্ঘটনা এড়ানো যাবে এবং শ্রমিক/কর্মচারী হতাহতের মত অপ্রত্যাশিত ঘটনা হতে অব্যাহতি পাওয়া যাবে বলে আমরা বিশ্বাস করি। তাই সকল পোশাক শিল্প কারখানায় নিম্নে উল্লেখিত বৈদ্যুতিক নিরাপত্তা ব্যবস্থাদি জরুরী ভিত্তিতে গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে :

- ০১। কারখানার সকল বৈদ্যুতিক তার ও ওয়্যারিং এবং অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি যেমন সাব স্টেশন, জেনারেটর, মেইন সুইচবোর্ড, সাব-মেইনসুইচ বোর্ড, ডিস্ট্রিবিউশন বোর্ড, জাংশন বোর্ড ও কারখানায় ব্যবহৃত সকল ধরনের বৈদ্যুতিক মেশিনারিজ সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ একজন BSC Engineer বা কমপক্ষে একজন Diploma Engineer দ্বারা নিয়মিত পরীক্ষা করানো।
- ০২। বৈদ্যুতিক ভোল্টেজ এবং তারসহ সকল বৈদ্যুতিক যন্ত্রপাতির তাপমাত্রা (Hotspot) নিয়মিত পরিমাপ করা।
- ০৩। সকল বৈদ্যুতিক যন্ত্রসমূহের জন্য ব্যবহৃত লোড অনুযায়ী সঠিক মানের তার ব্যবহার করা, উপযুক্ত আর্থিং সংযোগের বিষয়টি নিশ্চিত করা এবং মাসে অন্তত একবার সকল বৈদ্যুতিক তারের ইনসুলেশন পরীক্ষা করা।
- ০৪। অবিলম্বে কারখানায় দীর্ঘদিন ব্যবহৃত ক্ষতিগ্রস্ত বৈদ্যুতিক যন্ত্রপাতি, সার্কিট ব্রেকার, ওয়্যারিং, ভাঙ্গা প্লাগ ও সকেট, পাওয়ার কর্ড ইত্যাদি পরিবর্তন করা।
- ০৫। কারখানার বৈদ্যুতিক স্থাপনা ও চ্যানেলসমূহে জমে থাকা ডাষ্ট নিয়মিত পরিষ্কার করা এবং যে কোন বৈদ্যুতিক স্থাপনার কমপক্ষে ৩ ফুটের মধ্যে কোন মালামাল বা দাহ্য বস্তু না রাখা।
- ০৬। কারখানার সকল বৈদ্যুতিক কর্মকান্ড পরিচালনার জন্য সার্টিফিকেটধারী দক্ষ ইলেকট্রিশিয়ান নিযুক্ত রাখা।
- ০৭। কারখানার ডায়িং মেশিন, বয়লার ইত্যাদি অব্যহতভাবে না চালিয়ে মাঝে মাঝে বন্ধ করে রাখা এবং উপযুক্ত Ventilation এর ব্যবস্থা রাখা।
- ০৮। কারখানার অভ্যন্তর ঠান্ডা রাখার জন্য সঠিক সংখ্যক ও সঠিক মানের Exhaust Fan চালু রাখা।
- ০৯। কারখানার সকল অগ্নি নির্বাপনী ব্যবস্থাসমূহ সর্বদা সচল রাখা এবং অগ্নি নির্বাপনের জন্য প্রশিক্ষিত লোক নিয়োগ রাখা।

কারখানায় বৈদ্যুতিক দুর্ঘটনা ও অগ্নি দুর্ঘটনা রোধে আপনাদের সকলের সচেতনতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,



এস. এম. মান্নান (কচি)

সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি